| উন্নত জাতের রাবার চাষ,<br>চাষীর আনন্দ ১২ মাস | BRGOA<br>**বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন** | রাবার গাছের বিশেষ গুণ,<br>কার্বন শোষণ করে দ্বিগুণ |
|---|---|---|


প্রধান কার্যালয়
রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com


স্মারক নং: বিআরজিওএ.নো.২০২৬-০১২ তারিখ: ০৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**" বাংলাদেশ রাবার বোর্ড আইন-২০২৫ সংশোধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি"**

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশনের সম্মানিত উপদেষ্টা, আজীবন ও সাধারণ সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৯/০৬/২০২৬ইং তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সাথে অনুষ্ঠিত এক বিশেষ সাক্ষাতে তিনি "বাংলাদেশ রাবার বোর্ড আইন-২০২৫" রাবার চাষীদের স্বার্থ রক্ষার্থে আগামী ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করে তাঁর বরাবরে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেছেন। এমতাবস্থায়, দেশের রাবার চাষী ও সামগ্রিক রাবার শিল্পের স্বার্থে এসোসিয়েশন কর্তৃক প্রস্তাবিত শর্তসমূহ সঠিক আছে কিনা এবং সেখানে কোনো ধরনের সংশোধন বা সংযোজন আনতে হবে কিনা, সে বিষয়ে সকলের সুচিন্তিত মতামত ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে **আগামী ২০/০৬/২০২৬ইং, রোজ: শনিবার, বিকাল ৩:৩০ টায় এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে একটি জরুরী সাধারণ সভা** আহ্বান করা হয়েছে।

রাবার শিল্পের ভবিষ্যৎ ও এসোসিয়েশনের বৃহত্তর স্বার্থে উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে

**(মইনুল ইসলাম)**
মহাসচিব

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।**

১। সভাপতি, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;
২। সম্মানিত উপদেষ্টা, আজীবন ও সাধারণ সদস্যবৃন্দ, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;
৩। অফিস কপি।

**(জাহেদ হোসেন)**
সচিব

মোবাইল: ০১৬১১-৭৪৮৮৩৪
ইমেইল: brgoa.bd@gmail.com